দৈনিক ইত্তেফাক

JUN 05 2002

তারিখ ... ...
পৃষ্ঠা ৩ কলাম ...

জাতীয় শিক্ষানীতি সংশোধন দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ আওয়ামী লীগ নেতা অধ্যক্ষ কামরুজ্জামানের নেতৃত্বাধীন শিক্ষক সমিতি জাতীয় শিক্ষানীতি ২০০০-এর সংশোধন দাবী করেছে। গতকাল সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ কামরুজ্জামান বলেন, বিগত সরকারের আমলে সবচেয়ে লাঞ্ছিত হয়েছে আমাদের সংগঠনের সদস্যরা। বর্তমানেও এই শোষণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। শিক্ষকদের দাবী-দাওয়া সম্পর্কিত ব্যাপারে আলোচনার জন্য শিক্ষামন্ত্রীর সাথে সাক্ষাতের সময় চেয়েও কোন সাড়া মেলেনি। বিষয়টি খুবই দুঃখজনক। সাংবাদিক সম্মেলনে ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে ৮ জুন থেকে সপ্তাহব্যাপী কর্মসূচি

(৫ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

জাতীয় শিক্ষানীতি

(৫ম পৃঃ পর)

[illegible] সমিতির সংশোধন সম্পর্কে [illegible] সম্মেলনে সমিতি বক্তব্য পেশ করেন। ৭ দফা দাবীর মধ্যে রয়েছে বেসরকারী শিক্ষকদের বেতনের সরকারী অংশ ১০০ ভাগ প্রদান। কাইদা সংশোধন করে জনবল বৃদ্ধি, গণতান্ত্রিক চাকরি বিধি প্রবর্তন ইত্যাদি।